**সময়** মাল্টিপারপাস কো-অপারিটিভ সোসাইটি লিঃ এর সম্মানিত সদস্যবৃন্দ, কার্যকরি পর্ষদের পরিচালকবৃন্দ এবং সম্মানিত অতিথীবৃন্দ আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়া বরাকাতুহ।

সম্মানিত সদস্যবৃন্দ

প্রথমেই আমি এবং আমার পর্ষদের পক্ষ থেকে ক্ষমা চেয়ে নিচ্ছি বিগত সময়ের বার্ষিক সাধারণ সভাটি করতে না পারার জন্যে। সমবায়ের নিয়ম অনুযায়ী প্রতি বছর নিদিষ্ঠ সময়ে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হতে হয়। কিন্তু আপনারা জাননেন আমরা অনেক পরিশ্রমের পর আপনাদের আবাসন প্রকল্পের আওতায় সাভার থানার বিরুলিয়া এলাকায় ৩৬ শতাংশ জমি ক্রয় করতে সক্ষম হয়েছি এবং আরও ৮ শতাংশ ক্রয় করতে যাচ্ছি। আসলে গত বছরটি আমরা সংগঠনের সাংগঠনিক ভিত্তিকে মজবুত করার কাজে বেশী মনস্থ ছিলাম। যার জন্য যথাসময়ে বার্ষিক সাধারণ সভাটি অনুষ্ঠিত করতে পারিনি। এজন্য আমি আপনাদেও কাজে আবারও ক্ষমা প্রর্থনা করছি। এতদবিষয়ে সম্পাদকীয় প্রতিবেদনে বিশদ বর্ণনা করা হয়েছে।

যে কোন সমবায় সমিতি তার সমমনা সদস্যদেও সমন্বয়ে এবং সক্রিয় সহযোগীতায় যে কোন উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালিত কওে থাকে। সক্রিয় সহযোগীতা না থাকলে কার্যক্রম পরিচালনা  করা কঠিন হয়ে পড়ে। সুতরাং আমি আশা করছি আপনাদেও বকেয়া পরিশোধ কওে আপনাদেও তথা সমিতির উন্নয়নের সহযোগিতা করবেন।

যে কোন সংগঠন বা প্রতিষ্ঠানের চালিকা শক্তি হচ্ছে অর্থ ও সঠিক পরিকল্পনা। কিন্ত পর্যাপ্ত অর্থ ছাড়া অনেক ভালো পরিকল্পনাও ভেস্তে যায়। আমাদেও অনেক পরিকল্পনা আছে কিন্তু পর্যাপ্ত অর্থেও জন্য বাস্তবায়ন করতে পারছি না।

আপনারা জানেন বিশ্বায়ানের এই দিনে  প্রতিটি সময়ই খুব গুরুত্বপুর্ণ। প্রতিদিনই মানুষ এগিয়ে যাচ্ছে এবং পিছিয়ে পড়ছে শুধূই অর্থ এবং পরিকল্পনার জন্য। আমাদেও দ্বিতীয়টি আছে কিন্তু প্রথম আপনাদেও কাছে।

আপনাদেও সার্বিক আর্থিক সহযোগিতা পেলে বেশী বিনিয়োগের মাধ্যমে বেশী মুনাফা অর্জনের মত প্রকল্প হাতে নিতে পারব।

আপনারা আমাদের প্রতি যে গুরুদায়িত্ব অর্পন করেছেন তা আমরা পুর্নাঙ্গভাবে পালন করার যথাসাধ্য চেষ্ঠা করেছি। এতদ্ব সত্ত্বেও আমাদের হয়তো কোন কোন ক্ষেত্রে ভুলত্রুটি হতে পাওে এবং সফল না ও হতে পারি। আশাকরি আমাদেও এই

অনিচ্ছাকৃত ত্রুটিগুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন এবং সঠিক পথের নির্দেশনা দিবেন এই আশা রাখি।

**সময়** এর প্রথম হতে এ পর্যন্ত যারা  কঠোর পরিশ্রমের মাধ্যমে এ পর্যায়ে দাড় করিয়েছেন আমি তাদেও প্রতি জানাই আমার আন্তরিক কৃতজ্ঞতা এবং শুভেচ্ছা। আমি কৃতজ্ঞতা জানাই জনাব আব্দুর রকিব মিজান, জনাব তারিকুল ইসলাম, জনাব আবুল কালাম খান, জনাব নুরমোহাম্মদ সঞ্জিব, জনাব মহিতুল আহমেদ, জনাব মজিবুর রহমান খান, এবং  জনাব আব্দুল মান্নানকে।

আমি আরও কৃতজ্ঞতা জানাই আমাদের ক্রয়কৃত জমির পূর্ব মালিক জনাব দেলোয়ার হোসেন, মিসেস দেলোয়ার হোসেন এবং তার ছেলে্ জনাব সাজ্জাদ সাহেব কে। যাদের সহযোগিতা ছাড়া আমাদেও এই জমি কোন ভাবেই ক্রয় করা সম্ভব হতো না।

সর্বোপরি **সময়** মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: এর উত্তরোত্তর উন্নয়নকল্পে আসুন আমরা আমাদেও নিজ নিজ বকেয়া আমানত এবং প্রকল্প ফি পরিশোধ কওে সমিতির উন্নয়ন কাজে সহযোগিতা করি।

সর্বশেষে আপনাদেও আন্তরিক ধন্যবাদ ও সু-স্বাস্থ্য কামনা করছি।

আল্লাহ হাফেজ

তারিখ

মো: রফিকুল ইসলাম

সভাপতি

**সময়** মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি: